সিনিয়র সিস্টেম এনালিস্ট
সিস্টেম এনালিস্ট/সিনিয়র প্রোগ্রামার
প্রোগ্রামার
সহকারী :
সাঃমেঃইঃ ই-২
নথি
ডাইরি নং
তারিখঃ 19/01/2020

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
কার্যক্রম ও এডিপি শাখা
www.rthd.gov.bd

নং: ৩৫.০০.০০০০.০৩২.১৪.০০৭.১৭ (অংশ)-২৭ তারিখ: ১৯-০১-২০২০ খ্রিস্টাব্দ

বিষয়ঃ "জেলা মহাসড়ক যথাযথ মান ও প্রশস্থতায় উন্নীতকরণ (ঢাকা জোন)" শীর্ষক প্রকল্পের ওপর অনুষ্ঠিত প্রকল্প স্টিয়ারিং কমিটি'র (পিএসসি) সভার কার্যবিবরণী প্রেরণ সংক্রান্ত।

গত ০৫ জানুয়ারি ২০২০ তারিখে সড়ক ও জনপথ অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "জেলা মহাসড়ক যথাযথ মান ও প্রশস্থতায় উন্নীতকরণ (ঢাকা জোন)" শীর্ষক প্রকল্পের ওপর প্রকল্প স্টিয়ারিং কমিটি'র (পিএসসি) সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসংগে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

(আবদুল্লাহ-আল-মাসুদ)
সিনিয়র সহকারী প্রধান
ফোন-৯৫১৪২৬৬
E-mail: mashudllb@msn.com

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। সদস্য (সিনিয়র সচিব), সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা
২। সচিব, পরিকল্পনা বিভাগ, শের-ই-বাংলা নগর, ঢাকা (দৃ: আ: যুগ্মপ্রধান, এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ)
৩। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪। সচিব, আইএমইডি, শের-ই-বাংলা নগর, ঢাকা
৫। সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা
৬। সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পন কমিশন, শের-ই-বাংলা, নগর, ঢাকা
৭। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
৮। অতিরিক্ত সচিব (উন্নয়ন), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
৯। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, পরিকল্পনা ও রক্ষণাবেক্ষণ শাখা, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
১০। প্রকল্প পরিচালক ও অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, ঢাকা জোন, ঢাকা
১১। যুগ্মপ্রধান, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
১২। উপপ্রধান (পরিকল্পনা ও কার্যক্রম), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

সদয় অবগতির জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (**কার্যবিবরণীটি এ বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ**)
৪-৫। অফিস কপি/মাস্টার কপি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
কার্যক্রম ও এডিপি শাখা

বিষয়ঃ **"জেলা মহাসড়ক যাথাযথ মান ও প্রশস্থতায় উন্নীতকরণ (ঢাকা জোন)"** শীর্ষক প্রকল্পের ওপর অনুষ্ঠিত প্রকল্পের স্টিয়ারিং কমিটি'র (পিএসসি) সভার কার্যবিবরণী।

সভাপতি	:	মোঃ নজরুল ইসলাম সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
তারিখ	:	০৫ জানুয়ারি ২০২০ খ্রিস্টাব্দ
সময়	:	বিকাল ০৩.০০ ঘটিকা
সভার উপস্থিতি	:	পরিশিষ্ট-ক

২. উপস্থাপনাঃ

২.১ সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতির সম্মতিক্রমে যুগ্মপ্রধান বলেন যে, ঢাকা জোনের ১৩৩.১৬ কিলোমিটার জেলা মহাসড়ক যথাযথ মান ও প্রশস্থতায় উন্নীতকরণের নিমিত্ত প্রকল্পটি ৫৫৮.৪৪ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে জানুয়ারি ২০১৮ হতে জুন ২০২০ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নাধীন রয়েছে। প্রকল্পটির ডিসেম্বর ২০১৯ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় ২১৭.০৮ কোটি টাকা এবং আর্থিক অগ্রগতি ৩৮.৮৭%। প্রকল্পটির বাস্তবায়ন অগ্রগতি, বাস্তবায়নের সমস্যা এবং সমাধানের লক্ষ্যে নীতিগত বিষয়াদি সম্পর্কে আলোচনা ও নির্দেশনার্থে অদ্যকার সভা আহবান করা হয়েছে।

৩. আলোচনাঃ

৩.১ সওজ অধিদপ্তরের প্রতিনিধি সভায় জানান যে, WP-01 প্যাকেজের চেঃ ০+০০০ হতে চেঃ ১+৪০০ পর্যন্ত ৫.৫০ মিটার প্রস্থে রিজিড পেভমেন্ট নির্মাণ অন্তর্ভুক্ত আছে। উক্ত ১৪০০ মিটার সড়কাংশে সওজের কোন ভূমি অধিগ্রহণ করা ছিলনা। উক্ত অংশে বিদ্যমান সড়কের প্রশস্থতা ছিল মাত্র ১০/১২ ফুট। উক্ত এলাকার মাননীয় সংসদ সদস্য ও জনগণের সহায়তায় উক্ত অংশে পেভমেন্ট নির্মাণের জন্য বিদ্যমান অবকাঠামো ভেঙ্গে প্রয়োজনীয় জায়গার সংস্থান করা হচ্ছে। ফলে উক্ত সড়কাংশ অতিরিক্ত রিজিড পেভমেন্ট নির্মাণ করা প্রয়োজন। অতিরিক্ত রিজিড পেভমেন্ট করতে চুক্তিমূল্য অপেক্ষা ১৫০.০০ লক্ষ টাকা অতিরিক্ত প্রয়োজন হবে। বিস্তারিত আলোচনা শেষে অধিকতর পরীক্ষা করে প্রকৃত চাহিদার আলোকে আরডিপিপি'তে সংযোজন করার পরামর্শ দেয়া হয়।

৩.২ WP-02 প্যাকেজের আওতায় ঢাকা সড়ক বিভাগাধীন জিরাবো-তৈয়বপুর-দিয়াখালী-তাজপুর জেলা মহাসড়ক (জেড-৩০০৭) সড়কটির দৈর্ঘ্য ৬.৬৪ কিঃমিঃ, যার মধ্যে প্রায় ৮৪০ মিটার এলজিইডির একটি সড়কের সাথে ওভারল্যাপিং রয়েছে। এলজিইডি হতে উক্ত ৮৪০ মিটার সড়কাংশ ইতিমধ্যে উন্নয়ন করা হয়েছে, যার ফলে এ প্রকল্প হতে এখনই উন্নয়নের প্রয়োজন নেই। এছাড়া সড়কটির ১ম, ২য় ও ৬ষ্ঠ কিঃমিঃ এর বিভিন্ন অংশে বিভিন্ন শিল্প-কারখানাসহ অনেক বাণিজ্যিক প্রতিষ্ঠান গড়ে উঠেছে। উক্ত অংশসমূহে পানি নিষ্কাশনের যাথযথ ব্যবস্থা না থাকায় ফ্লেক্সিবল পেভমেন্টের পরিবর্তে রিজিড পেভমেন্ট নির্মাণ করা যুক্তিযুক্ত হবে। ফলে সড়কাংশসমূহে প্রায় ৫২০ মিটার অতিরিক্ত রিজিড পেভমেন্ট নির্মাণ করা প্রয়োজন। এ প্যাকেজে আন্তঃখাত সংশোধন করাও লাগবে। তবে এ পরিবর্তনে প্যাকেজের মূল্য কোনরূপ বৃদ্ধি পাবে না। কোন কিলোমিটারে কতটুকু রিজিড পেভমেন্ট করা হবে তার সুনির্দিষ্ট হিসাব দিতে হবে।

৩.৩ সভায় অবহিত করা হয় যে, ঢাকা সড়ক বিভাগাধীন মাতুয়াইল-নিউটাউন-কোনাপাড়া-মানিকান্দি-শেখেরজায়গা সড়কটির চেঃ ৩+০৬৫ হতে চেঃ ৫+৮৬৫ পর্যন্ত মোট ২.৮০০ কিঃমিঃ পানি উন্নয়ন বোর্ডের অধিগ্রহণকৃত ভূমি এবং অবশিষ্ট চেঃ ৫+৮৬৫ হতে চেঃ ৭+১৬৫ পর্যন্ত ১.৩০০ কিঃমিঃ (বিদ্যমান পেভমেন্টের গড় প্রস্থ ১০/১২ ফুট) ব্যক্তিমালিকানাধীন জায়গা। স্থানীয় সংসদ সদস্য এর উদ্যোগে এলাকার জনসাধারনের সহায়তায় ১.৩০০ কিঃমিঃ সড়কাংশ উন্নয়নের প্রয়োজনীয় জায়গার ব্যবস্থা করা হয়েছে। সড়কটির মানিকদী ক্লাব হতে শেখেরজায়গা এলাকা (চেঃ ৫+৮৬৫ হতে ৭+১৬৫) পর্যন্ত ১২৭৪ মিটার অংশে বিদ্যমান সড়কের উভয় পাশে প্রচুর আবাসিক ও বাণিজ্যিক প্রতিষ্ঠান থাকায় পানি নিষ্কাশনের জন্য এলাকার মাননীয় সংসদ সদস্য এবং এলাকার জনসাধারন আরসিসি ইউ-ড্রেন নির্মাণের জন্য অনুরোধ করেছেন, যার দৈর্ঘ্য ১২৭৪ মিটার। এছাড়া সড়কটির ৬ষ্ঠ কিঃমিঃ-এ (চেঃ ৫+৮৬৫) বিদ্যমান সড়কের নীচে পানি নিষ্কাশনের জন্য ২টি পাইপ দেয়া ছিল।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

এ স্থানে পানি নিষ্কাশনের জন্য ১টি ৩ মিটার কালভার্ট নির্মাণ করা যুক্তিযুক্ত। কালভার্টটি নির্মাণের জন্য সংশ্লিষ্ট সংসদ সদস্যসহ এলাকাবাসী অনুরোধ জানিয়েছেন। এছাড়া সড়কটির চেঃ ৬+৯৮৫ এ ১০.২৫ মিঃ চওড়া করে একটি ৩ x ৬.০০মিঃ x ৬.০০ মিঃ কালভার্ট নির্মাণ অন্তর্ভূক্ত ছিল। ক্যাচমেন্ট এরিয়া বিবেচনায় কালর্ভাট এর পরিবর্তে নতুন প্যাকেজ অর্ন্তভূক্ত করে একটি ২০ মিটার এর আরসিসি সেতু নির্মাণ করা যেতে পারে, যা সেতু ডিজাইন ইউনিট কর্তৃক পরিদর্শন করে চূড়ান্ত করা হবে। ফলে এ প্যাকেজে আন্তঃখাত সংশোধন প্রয়োজন হবে। এতে প্যাকেজের মূল্য কোন পরিবর্তন হবেনা। ২০ মিটার আরসিসি সেতু এর মূল্য প্রায় ৩৭৫.০০ লক্ষ টাকা। প্রস্তাবিত সেতুর প্রশস্ততা সরেজমিনে পরিদর্শন করে এ সংক্রান্ত রিপোর্ট প্রদান এবং সেতুর এ্যাপ্রোচসহ নতুন প্যাকেজের মাধ্যমে ব্রীজ নির্মাণের কাজ করার জন্য নির্দেশনা প্রদান করা হয়।

৩.৪ প্রকল্প পরিচালক অবহিত করেন যে, তুরাগ-বুহিতপুর-বাউরভিটা (জেড-৫০৬৯) সড়কে ঢাকা ওয়াসা কর্তৃক সাভার-কেরানীগঞ্জ ওয়েল ফিল্ড প্লান্ট প্রকল্পের জন্য চেইনেজ ১+৮৩০ মিঃ হতে ২+৫৫০ মিঃ= ৭২০.০০ মিটার Underground পানির লাইন স্থাপন করায় সড়কাংশ ক্ষতিগ্রস্থ হওয়ায় বিদ্যমান হার্ড সোল্ডার অংশে মজবুতীকরণ ও সার্ফেসিং কাজের প্রস্তাব করা হয়েছে। এছাড়া সড়কটির ৩য় কিঃমিঃ সড়কের এক পাশে ইউ ড্রেন প্রস্তাব করা হয়েছিল। কিন্তু উক্ত অংশে উভয় পাশে প্রচুর বাণিজ্যিক প্রতিষ্ঠান গড়ে উঠায় অপর পাশে এবং ৬ষ্ঠ কিঃমিঃ বটতলী বাজার এলাকায় পানি নিষ্কাশনের জন্য মোট অতিরিক্ত ৯২০ মিটার ইউ ড্রেন নির্মাণ ও ১৭৮ মিটার সসার ড্রেন প্রয়োজন। এছাড়া এ প্যাকেজের চেঃ ০+০০০ হতে চেঃ ০+০+৯১৫ পর্যন্ত মোট ৯১৫.০০ মিটার সড়কাংশ “জরা-জীর্ণ, অপ্রশস্ত ও গুরুত্বপূর্ণ পয়েন্টে বিদ্যমান বেইলী সেতু এবং আরসিসি সেতু প্রতিস্থাপন প্রকল্প (ঢাকা জোন)” শীর্ষক প্রকল্পে ০৩ টি সেতুর সংযোগ সড়ক হিসেবে অন্তর্ভুক্ত রয়েছে। তাই ৯১৫.০০ মিটার পেভমেন্ট উন্নয়নের কাজ এ প্যাকেজ হতে বাদ দেয়া হয়েছে। তাতে এ প্যাকেজে আন্তঃখাত সংশোধন প্রয়োজন হবে। তবে এতে প্যাকেজের মূল্য কোনরূপ বৃদ্ধি পাবে না।

এছাড়াও, এ সড়কের WP-5 প্যাকেজের বেলনা বাজারে চেইনেজ ১২+৮০০ মিঃ হতে ১২+৮৫০ মিঃ =৫০.০০ মিটার, এবং চেইনেজ ১৬+০৫০ মিঃ হতে ১৬+২০০ মিঃ = ১৫০.০০ মিটার জিনজিরা-কেরানীগঞ্জ-দোহার আঞ্চলিক মহাসড়কের ১০ম কিঃ মিঃ এ রামেরকান্দা নামক সড়কের সংযোগ স্থানে রিজিড পেভমেন্ট নির্মাণ করায় লেভেল সমান করার জন্য এবং উক্ত স্থানে উভয় পাশে ঘন জনবসতি থাকায় রিজিড পেভমেন্ট নির্মাণ করা প্রয়োজন। এছাড়া বাস্তবিক প্রয়োজনে ৫০০.০০ মিটার টো-ওয়াল নির্মাণ করার প্রয়োজন নেই, ফলে এই প্যাকেজে আন্তঃখাত সংশোধন প্রয়োজন মর্মে সওজ অধিদপ্তর থেকে অবহিত করা হয়। ডিপিপি প্রণয়নের সময় অপ্রয়োজনীয় এ টো-ওয়াল অন্তর্ভুক্ত করায় সভায় অসন্তোষ প্রকাশ করা হয়।

৩.৫ নরসিংদী সড়ক বিভাগের প্রতিনিধি সভাকে অবহিত করেন যে, নরসিংদী সড়ক বিভাগাধীন শিবপুর-দুলালপুর-লাকপুর-হাতিরদিয়া জেলা মহাসড়কের (জেড-২০৪৪) মাটির কাজ Embankment bill ১৭১৬.৯৯৫ ঘ: মি:, যার চুক্তি মূল্য ৫.৮১ লক্ষ টাকা এবং Earthen Shoulder ৩১৫০.০০ ঘ: মি:, যাহার চুক্তিমূল্য ২৫.৮৯ লক্ষ টাকা। সড়কটির দৈর্ঘ্য ১৫.৫০০ কিঃ মিঃ এর মধ্যে ৩.৫ কিঃ মিঃ সড়ক বিল/নদীর পার্শ্বে অবস্থিত, সড়ক বাঁধের অবস্থা খুবই নাজুক। অপরদিকে সড়ক বাঁধের উচ্চতা বৃদ্ধির কারণে Earthen Shoulder এ মাটির পরিমাণের স্বল্পতা দেখা দিয়েছে (প্রাক্কলনের Earthen Shoulder এর মাটির পরিমান ২ x ১০৫০০.০০ x ০.৫০০ x ০.৩০০= ৩১৫০.০০ ঘ: মি: আছে, হওয়া উচিৎ ছিল ২ x ১৫৫০০.০০ x ০.৯০ x ০.৩০০= ৮৩৭০.০০ ঘ: মি:)। মাটির কাজ সম্পন্ন করতে চুক্তিমূল্য অপেক্ষা ৯৭.০০ লক্ষ টাকা অতিরিক্ত প্রয়োজন হবে, যা আরডিপিপি'তে সংযোজন করা যেতে পারে। মাটির কাজের ডিপিপি'র প্রাক্কলন ও বর্তমান চাহিদার তুলনামূলক চিত্র সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের প্রতিনিধিসহ সরেজমিনে পরিদর্শন করতঃ এ সংক্রান্ত প্রতিবেদন এ বিভাগে প্রেরণের নির্দেশনা প্রদান করা হয়।

৩.৬ সভায় আলোচনা করা হয় যে, শিবপুর-দরিয়াপুর-কামরাবো-বেলাব জেলা মহাসড়ক (জেড-২০৩৫) WP-8 এর চুক্তিপত্রের অনুকূলে ২ (দুটি) পিসি গার্ডার ব্রীজ আছে। পানি উন্নয়ন বোর্ড কর্তৃক নদীর নাব্যতা বৃদ্ধির লক্ষ্যে খননের কাজ চলমান রয়েছে ফলে নদীর নাব্যতা বৃদ্ধি পাবে। পুরাতন ব্রীজ অপেক্ষা প্রস্তাবিত ব্রীজের উচ্চতা ১ মিটার নিচু হওয়ায় ডিজাইন সংশোধনের প্রয়োজনীয়তা দেখা দেওয়ায় ব্রীজ ডিজাইন কর্তৃক সেতুটির ডিজাইন সংশোধন করা হয়েছে। সেতুটির আরএল ১.৫ মিটার বৃদ্ধির ফলে Pier এর Pile Length ৩ মিটার বৃদ্ধি পেয়েছে। ফলে RCC Class 20 এবং এপ্রোচে মাটির পরিমাণ বৃদ্ধি পাবে। এছাড়াও চুক্তিপত্রে অন্যান্য দফার কিছু হ্রাস-বৃদ্ধি ঘটবে। যেমন: ডাইভারশন সড়ক হ্রাস পাবে অপরদিকে নতুন এপ্রোচ সড়ক বৃদ্ধি পাবে। প্রাক্কলনে ব্রীজ ২টির Protective Work যথা Slope Protection & R.C.C Beam Palisading কাজ ধরা নাই। অপরদিকে সড়কটির দুই ধারে পুকুর এবং খাল রয়েছে তাতে যে পরিমাণ বল্লা প্যালিসাইডিং

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

ধরা আছে তা খুবই স্বল্প। বর্ণিত কার্যাদির স্পষ্ট হিসাব দেয়ার জন্য বলা হয়।

সড়কটিতে ১৪+১৫০ চেইনেজ ১টি রিং কালভার্ট বিধ্বস্ত অবস্থায় আছে, উক্ত চেইনেজ ২ মিঃ ১টি কালভার্ট অবশ্যই প্রয়োজন। উপরোক্ত বর্ণনা মোতাবেক কাজগুলি সম্পন্ন করতে চুক্তিমূল্য অপেক্ষা ৫৯৪.৪৬ লক্ষ টাকা অতিরিক্ত প্রয়োজন হবে যা আরডিপিপি'তে সংযোজন করা প্রয়োজন। বিস্তারিত তথ্য/কাজের পরিমান ও কর্ম এলাকা সুনির্দিষ্টভাবে উল্লেখ করার জন্য নির্দেশনা দেয়া হয়। ডিপিপি প্রণয়নের সময় সঠিক পরিকল্পনা ও প্রাক্কলনের ঘাটতি ছিল মর্মে অসন্তোষ প্রকাশ করা হয়। ভবিষ্যতে এ জাতীয় বিষয়াদির ব্যাপারে অধিক যত্নশীল হওয়ার নির্দেশনা দেয়া হয়।

৩.৭ সভায় উল্লেখ করা হয় যে, WP-09 ঘোড়শাল-টংস্টেশন-ধলাদিয়া-পলাশ-ফুলবাড়িয়া-চরসিন্দুর (জেড-২০৩৭) সড়কটির বিভিন্ন অংশে উভয় পার্শ্বে পুকুর/জলাশয় থাকায় সড়ক বাঁধের মাটি ধরে রাখার স্বার্থে বাস্তবতার নিরিখে পেভমেন্ট সহ সড়ক বাঁধ রক্ষার্থে ৬০০ মিটার বীম প্যালাসাইডিংসহ স্লোপ প্রোটেকশন কাজ করা প্রয়োজন, যার ব্যয় ৭০ লক্ষ টাকা। উক্ত প্যাকেজে সর্বমোট ৭০ লক্ষ টাকা অতিরিক্ত প্রয়োজন হবে, বিস্তারিত হিসাব ও এ্যানালাইসিসসহ যা আরডিপিপি'তে সংযোজন করা যেতে পারে। ভবিষ্যতে ডিপিপি প্রণয়নকালে সঠিক সার্ভে নিশ্চিত করার জন্য সওজ অধিদপ্তরকে নির্দেশনা প্রদান করা হয়।

৩.৮ জিহাসতলা-শেখেরচর (জেড-২০৩৮) সড়কটির চেইনেজ ৩+০০০ থেকে ৪+৫০০ এর মধ্যে সড়কের বিভিন্ন অংশে উভয় পার্শ্বে পুকুর/জলাশয় থাকায় সড়ক বাঁধের মাটি ধরে রাখার স্বার্থে বাস্তবতার নিরিখে পেভমেন্টসহ সড়ক বাঁধ রক্ষার্থে মূল চুক্তির পরিমাণ অপেক্ষা অতিরিক্ত ৫০০.০০ মিটার বীম প্যালাসাইডিংসহ স্লোপ প্রোটেকশন কাজের পরিমাণ বৃদ্ধি করা প্রয়োজন, যার ব্যয় ৬০.৬৬৬ লক্ষ টাকা। উক্ত প্যাকেজে সর্বমোট ৬০.৬৬৬ লক্ষ টাকা অতিরিক্ত প্রয়োজন।

৩.৯ মুন্সীগঞ্জ সড়ক বিভাগের প্রতিনিধি সভাকে জানান যে, মুন্সীগঞ্জ সড়ক বিভাগাধীন তুরাগ-রুহিতপুর-বাউরভিটা জেলা মহাসড়ক (জেড-৫০৬৯) যথাযথ মান ও প্রশস্ততায় উন্নীতকরণ সড়কটির চেইনেজ ১৬+২০০ থেকে ২২+৮০০ পর্যন্ত সড়ক বাঁধের উচ্চতা বেশি থাকায় এবং বিভিন্ন স্থানে নিচু পুকুর থাকায় সড়ক বাঁধের মাটি ধরে রাখার স্বার্থে বাস্তবতার নিরিখে পেভমেন্ট সহ সড়ক বাঁধ রক্ষার্থে মূল চুক্তির পরিমাণ অপেক্ষা অতিরিক্ত ৪২০.০০ মিটার ব্রিক ম্যাশোনারী টো-ওয়ালসহ স্লোপ প্রোটেকশন কাজের পরিমাণ বৃদ্ধি করা প্রয়োজন, যার ব্যয় হবে ১২৫.০০ লক্ষ টাকা। সড়কটির চেইনেজ ১৮+০০০ থেকে ২০+২০০ পর্যন্ত সড়কে জমাট বাঁধা পানির নির্গমনের জন্য বাস্তবতার নিরিখে মূল চুক্তির পরিমাণ অপেক্ষা অতিরিক্ত ৫০০.০০ মিটার স্যসার ড্রেন কাজের পরিমাণ বৃদ্ধি করা প্রয়োজন, যার ব্যয় হবে ২২.০০ লক্ষ টাকা। উক্ত প্যাকেজে সর্বমোট ১৪৭.০০ লক্ষ টাকা অতিরিক্ত প্রয়োজন হবে। প্রকল্প বাস্তবায়নের এ পর্যায়ে টো-ওয়ালসহ স্লোপ প্রটেকশনের প্রয়োজনীয়তা উপযুক্ত কমিটি গঠনের মাধ্যমে সরেজমিন পরিদর্শন করে পুনঃবিবেচনার জন্য পরামর্শ প্রদান করা হয়।

৩.১০ মুন্সীগঞ্জ সড়ক বিভাগাধীন শ্রীনগর (হাসারা)-আলমপুর-শিবরামপুর (সিরাজদীখান)-নওয়াবগঞ্জ (কাসুর) জেলা মহাসড়ক (জেড-৮০০৩) যথাযথ মান ও প্রশস্ততায় উন্নীতকরণ WP-18 প্যাকেজে ডিপিপি'র আওতায় উক্ত সড়কে মাটির কাজ করার জন্য ১৪০০০.০০ ঘ: মি: অন্তর্ভুক্ত ছিল। কিন্তু বর্তমানে দুইটি ব্রীজের এপ্রোচে আরো ৪০০০.০০ ঘ: মি মাটি প্রয়োজন । এছাড়া একটি ব্রীজ এপ্রোচে Slope Protection Work With CC Block & Geo Textile অন্তর্ভুক্ত ছিলনা বিধায় ৪৮০.০০ ব: মি: Slope Protection Work With CC Block & Geo Textile প্রয়োজন। অতিরিক্ত আরো ২০০ মিটার RCC Palisading প্রয়োজন। সে প্রেক্ষিতে ৫০.০০ লক্ষ টাকা অতিরিক্ত প্রয়োজন।

৩.১১ সওজ অধিদপ্তর থেকে সভাকে অবহিত করা হয় যে, মানিকগঞ্জ সড়ক বিভাগাধীন গোলড়া-সাটরিয়া জেলা মহাসড়ক (জেড-৫০৬৩) যথাযথ মান ও প্রশস্ততায় উন্নীতকরণ সড়কটির চেইনেজ ০+০০০ থেকে ১২+৪১০ পর্যন্ত সড়কের বিভিন্ন স্থানে বাঁক থাকার কারণে দূর্ঘটনা ঘটে। সে প্রেক্ষিতে বাঁক সরলীকরণ করা প্রয়োজন। সড়কের উভয় পার্শ্বে পুকুর/জলাশয় এবং নিচু ভূমি থাকার কারণে রক্ষাপদ কাজের পরিমাণ বৃদ্ধি করা আবশ্যক। সড়কের উভয় পার্শ্বে হাট-বাজার থাকায় রিজিড পেভমেন্ট করা প্রয়োজন। ভূমি অধিগ্রহণ প্রক্রিয়াধীন রয়েছে। উক্ত প্যাকেজে সর্বমোট ৫২০.০০ লক্ষ টাকা অতিরিক্ত প্রয়োজন হবে। সওজ অধিদপ্তর থেকে জানানো হয় যে, যেহেতু প্রকল্পের কাজের পরিধি বৃদ্ধি পাচ্ছে সেহেতু প্রকল্পটি জুন, ২০২০ এর মধ্যে সম্পন্ন করা সম্ভব হবে না। প্রকল্পটির বাস্তবায়ন মেয়াদকাল বাস্তবতার নিরিখে বৃদ্ধির প্রয়োজন রয়েছে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

৩.১২ প্রকল্পটির মেয়াদ জুন, ২০২০ এ নির্ধারিত রয়েছে। অর্থাৎ, প্রকল্পটি সমাপ্ত হতে মাত্র ০৬ মাস বাকি রয়েছে। এ প্যাকেজে অতিরিক্ত ৫২০.০০ লক্ষ টাকার প্রাক্কলনে প্রতীয়মান হয় যে, ডিপিপি প্রণয়নকালে মাঠ পর্যায়ে সার্ভে ও পরিকল্পনায় যথেষ্ট ঘাটতি ছিল। তাই অতিরিক্ত এই চাহিদা সরেজমিনে পরিদর্শন করে সঠিক প্রাক্কলন নির্ধারন করে প্রস্তাবিত আরডিপিপি'তে প্রতিবেদনসহ সংযোজন করার নির্দেশনা দেয়া হয়।

৩.১৩ নরসিংদীতে প্রস্তাবিত অফিস-কাম বাংলো এর ডিজাইন ও প্রয়োজনীয়তা পুনঃবিবেচনাকরতঃ সংশোধিত ডিপিপিতে যথাযথ প্রাক্কলন প্রতিফলন করার পরামর্শ প্রদান করা হয়।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

৩.১৪ এ প্রকল্পের আওতায় নির্মানাধীন সড়কে সাইন, সিগন্যাল, রোড মার্কিং ইত্যাদি যথাযথভাবে নিশ্চিত করার জন্য বিশেষ নির্দেশনা প্রদান করা হয়।

৪. সিদ্ধান্তঃ

৪.১ মাতুয়াইল-নিউটাউন-কোনাপাড়া-মানিকান্দি-শেখেরজায়গা সড়কে প্রস্তাবিত ২০মিটার আরসিসি সেতু নির্মাণ বিষয়ে সেতুর প্রশস্ততা সরেজমিনে পরিদর্শনকরতঃ এ সংক্রান্ত প্রতিবেদন প্রদান করতে হবে এবং নতুন প্যাকেজের মাধ্যমে ব্রীজ নির্মাণের কাজ অন্তর্ভুক্ত করা যেতে পারে;

৪.২ শিবপুর-দুলালপুর-লাকপুর-হাতিরদিয়া জেলা মহাসড়কের (জেড-২০৪৪) মাটির কাজের ডিপিপি'র প্রাক্কলন ও বর্তমান চাহিদার তুলনামূলক চিত্র সরেজমিনে পরিদর্শন করতঃ এ সংক্রান্ত প্রতিবেদন প্রেরণ করতে হবে;

৪.৩ ভবিষ্যতে ডিপিপি ও আরডিপিপি প্রণয়নকালে সঠিক সার্ভে ও প্রাক্কলন যথাযথভাবে নিশ্চিত করতে হবে। অন্যথায় সংশ্লিষ্টদের বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে;

৪.৪ মুন্সীগঞ্জ সড়ক বিভাগাধীন তুরাগ-রুহিতপুর-বাউরভিটা জেলা মহাসড়কে প্রকল্প বাস্তবায়নের এ পর্যায়ে টো-ওয়ালসহ স্লোপ প্রটেকশনের প্রয়োজনীয়তা সরেজমিন পরিদর্শন করে সঠিক প্রাক্কলন নিশ্চিত করতে হবে;

৪.৫ মানিকগঞ্জ সড়ক বিভাগাধীন গোলড়া-সাটরিয়া জেলা মহাসড়ক উন্নয়নে প্রস্তাবিত অতিরিক্ত চাহিদা সরেজমিনে পরিদর্শনকরতঃ সঠিক প্রাক্কলন নির্ধারন করে প্রস্তাবিত আরডিপিপি'তে প্রতিবেদনসহ সংযোজন করতে হবে;

৪.৬ নরসিংদীতে প্রস্তাবিত বাংলো এর প্রয়োজনীয়তা ও ডিজাইন পুনঃবিবেচনা করতঃ এর সঠিক প্রাক্কলন নির্ধারন করে সংশোধিত ডিপিপি'তে অন্তর্ভুক্ত করতে হবে;

৪.৭ আলোচনা অনুযায়ী মাটির কাজের পরিমান, রক্ষাপ্রদ কাজের পরিবর্তন, রিজিড পেভমেন্ট নির্মাণ কাজের পরিমান মন্ত্রণালয়ের প্রতিনিধি অন্তর্ভুক্ত করে সরেজমিন দেখে এবং এ্যানালাইসিস করে ব্যয় প্রাক্কলন ও ক্ষেত্র বিশেষে ভেটিং গ্রহণ করতে হবে;

৪.৮ প্রকল্পের আওতায় যতগুলো সড়ক রয়েছে প্রতিটি সড়কে পর্যাপ্ত সাইন-সিগন্যাল স্থাপন করতে হবে। কোন স্থানে কী ধরণের সাইন, সিগন্যাল, নির্দেশক দেয়া হবে তার তালিকা আরডিপিপি'তে দিতে হবে; এবং

৪.৯ প্রকল্পের কাজ যথাযথভাবে সম্পন্ন করার জন্য বাস্তবতার নিরিখে প্রকল্পের বাস্তবায়ন মেয়াদকাল পুনঃনির্ধারন করা যেতে পারে।

৫। অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ নজরুল ইসলাম)
সচিব
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ